৭/৮/২০০৩

দৈনিক সংবাদ

তারিখ ...
পৃষ্ঠা ৭ কলাম ৮

# সেন্ট পিটার্সবার্গে উচ্চ শিক্ষা

সুপ্রিয় কুমার চক্রবর্তী

বিদেশে পড়ালেখা

সেন্ট পিটার্সবার্গ রাশিয়ার একটি বৃহত্তম শহর। এর অপর নাম লেনিনগ্রাদ। তৎকালীন সোভিয়েত ইউনিয়নের রাজধানী হিসেবে ব্যবহৃত হতো সেন্ট পিটার্সবাগ। সমগ্র রাশিয়ার সভ্যতা, সংস্কৃতি, শিক্ষা ও সৌন্দর্যের কেন্দ্রবিন্দু এই লেনিনগ্রাদ। এর অপরূপ সৌন্দর্য বিশ্বের সব পর্যটককে মুগ্ধ করে। সত্যিই, সেন্ট পিটার্সবার্গে যারা একবার ভ্রমণ করেছেন তাদের কাছে ইউরোপের সংজ্ঞা সম্পূর্ণরূপে বদলে যাবে। এককথায়, লেনিনগ্রাদ যেন ইউরোপের মিস্ ওয়ার্ল্ড।

শিক্ষার নগরী হিসেবে খ্যাতি রয়েছে লেনিনগ্রাদের। বিশেষ করে কম্পিউটার বিষয়ে উচ্চ শিক্ষা। প্রতিবছরই বিশ্বে আইসিএসএস নামে যে কম্পিউটার বিষয়ক প্রোগ্রামিংয়ের প্রতিযোগিতা হয়, সেন্ট পিটার্সবার্গের ছাত্ররা দখল করে প্রথম স্থান। গত পাঁচ বছর ধরে এই অগ্রযাত্রা অব্যাহত রয়েছে। সেন্ট পিটার্সবার্গে রয়েছে সব ধরনের উচ্চ শিক্ষার ব্যবস্থা। বিজ্ঞান-মানবিক-বাণিজ্য যেকোন শাখার যেকোন বিষয়েই উচ্চ শিক্ষা লাভ করা যায় লেনিনগ্রাদে। মস্কো থেকে প্রায় চারশ কিলোমিটার দূরে অবস্থিত হলেও লেনিনগ্রাদে যেকোন বিষয়ে উচ্চ শিক্ষার টিউশন ফি মস্কোর বিশ্ববিদ্যালয়ের প্রায় সমান। জীবনযাত্রার মানও বর্তমান রাজধানীর সমতুল্য। সব মিলিয়ে বলা যায়, বর্তমান রাশিয়ার মস্কো ও লেনিনগ্রাদে উচ্চ শিক্ষার কোন পার্থক্য নেই।

সেন্ট পিটার্সবার্গের নামকরা কিছু বিশ্ববিদ্যালয়ের মধ্যে Saint Petersburg State University, St. Perersburg State Electrotechnical University, St. Petersburg State Technical University, Stockholm School of Economics in St. Petersburg (For MBA Program in English), Saint Petersburg State University for Engineering and Economics, St. Petersburg School of Religion and Philosophy, St. Petersburg State University of Architectare and Civil Engineering Leningnad First medical Academy উল্লেযোগ্য।

কম্পিউটার সাইন্স, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, আইটি, ইলেকট্রনিক্স-এর মতো বিশ্ববাজারে সমাদৃত বিষয়গুলো নিয়ে যারা উচ্চ শিক্ষা লাভ করতে ইচ্ছুক তাদের জন্য St. Petersburg State University, St. Petersburg State Technical Universtity এবং St. Petersburg State Electrotechnical University হতে পারে প্রথম পছন্দ। বিশ্বের প্রায় ৯০টি দেশের সাথে রয়েছে এসব বিশ্ববিদ্যালয়গুলোর Credit Transfer প্রোগ্রাম। লেনিনগ্রাদের এই সকল বিশ্ববিদ্যালয়ে বছরে টিউশন ফি ১৬০০ ডলার থেকে ২৪০০ ডলার পর্যন্ত নির্ভর করে।

এছাড়া Engineerign-এর যেকোন শাখায় যেমন Aerospace, Forestry, Civil, Power, Mining Radio, Medical, Aeronantical, Computer, Chemical, Electrical ইত্যাদি গুরুত্বপূর্ণ ও যুগোপযোগী বিষয়গুলোতে উচ্চ শিক্ষা লাভের দুর্লভ সুযোগ রয়েছে সেন্ট পিটার্সবার্গে। মানবিক ও বাণিজ্য শাখার সকল বিষয়ে পড়ার ব্যবস্থাতো আছেই। তন্মধ্যে Stockholm School of Economics in St. Petersburg নামক প্রতিষ্ঠানে এমবিএ প্রোগ্রামটি সম্পূর্ণ ইংরেজি মিডিয়ামে। যা সুইডেনের সাথে যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত। এখানে এমবিএ কোর্স সম্পন্ন করে আপনি পরবর্তী ডিগ্রি লাভের জন্য সুইডেনে যেতে পারেন কোনরকম বাধ্যবাধকতা ছাড়া। ইউরোপের মাটিতে বসে উচ্চশিক্ষা লাভের প্রধান সুবিধা হচ্ছে ওখানকার সব বিশ্ববিদ্যালয়গুলো কোন না কোন বিষয়ের সাথে একে অপরের সহিত ক্রেডিট ট্রান্সফারের মাধ্যমে প্রতিভার পরিপূর্ণ বিকাশ ঘটাচ্ছে। এতে লাভবান হচ্ছে প্রতিটি দেশই।

উচ্চ শিক্ষার জন্য আপনি বিশ্বের যেকোন দেশই বেছে নিন না কেন, অত্যন্ত স্বল্প খরচে বিশ্বস্বীকৃত সনদ ও উন্নত প্রযুক্তির শিক্ষা লাভের জন্য রাশিয়ার সেন্ট পিটার্সবার্গ হতে পারে নিঃসন্দেহে চমৎকার। কারণ, ইউরোপের কেন্দ্রবিন্দু বলতে যাই বলুন, লেনিনগ্রাদ-ই হচ্ছে তার উৎপত্তিস্থল। ট্রেন অথবা বাসে অতি অল্প সময়ে আপনি ইউরোপের যেকোন দেশেই যেতে পারছেন। যদি আপনার প্রয়োজনীয় কাগজপত্র ও ভিসা থাকে।

বিদেশী ছাত্রছাত্রীদের জন্য রয়েছে সুসজ্জিত হোস্টেল ও কঠোর নিরাপত্তা ব্যবস্থা। এছাড়াও নিজ নিজ দেশের Cultural program আয়োজনের জন্য বিশাল হলরুম, চিত্ত-বিনোদন ও খেলাধুলার পর্যাপ্ত ব্যবস্থা, সুইমিং পুল, ঘরোয়া পিকনিক, প্যাকেট ট্যুর প্রতিটি বিশ্ববিদ্যালয়েই রয়েছে চমৎকার সব ব্যবস্থা। বিস্তারিত তথ্য, বিশ্ববিদ্যালয়ের Prospectus, ভর্তির যেকোন বিষয়ের জন্য আপনি সরাসরি বাংলাদেশস্থ রুশ ফেডারেশন দূতাবাসের সাংস্কৃতিক বিভাগের শিক্ষা শাখায় (বাড়ি নং-৫১০, রোড নং-৭, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৫, ফোন ঃ ৯১১৮৫৩১, ৯১১৬৩১৪) যোগাযোগ করে জেনে নিতে পারেন অথবা russia.com website-এ ঢুকে Education-Universities & Colleges ফাইলে ক্লিক করলেই পেয়ে যাবেন আপনার কাঙ্ক্ষিত তথ্য।